

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
[hsp.sedp@gmail.com](mailto:hsp.sedp@gmail.com)



স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/ ৬২০ (৪৮২)

তারিখ: ০৭.১২.২০২০ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২০ সালের ৭ম থেকে ১০ম শ্রেণির উপবৃত্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ এবং উপবৃত্তি ও টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে প্রতিষ্ঠানের তথ্য আপডেট করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২০ সালের ৭ম থেকে ১০ম শ্রেণির ডুপ্লিকেট, বিবাহিত, একাডেমিক স্তর শেষ (৮ম), নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ইত্যাদি কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ এবং প্রতিষ্ঠানের তথ্য আপডেট/এন্ট্রির বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১। ৭ম থেকে ১০ শ্রেণির (জুলাই-ডিসেম্বর ২০২০) ২য় কিস্তির উপবৃত্তি বিতরণের জন্য বর্ধিত কারণে অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ এবং প্রতিষ্ঠানের তথ্য আপডেট/এন্ট্রির জন্য HSP MIS এর অনলাইন সফটওয়্যার লিংকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ১১/১২/২০২০ তারিখ থেকে ২৪/১২/২০২০ তারিখের মধ্যে সম্পূর্ণ করতে হবে।

**২। HSP MIS এ লগইন করার নিয়মাবলী:**

শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তন করতে হলে HSP MIS এর লিংকে (<http://hspbd.com/HSP-MIS/login>) লগইন করলে একটি স্ক্রিন প্রদর্শিত হবে। User Name/ID ও Password টাইপ করে লগইন বাটনে ক্লিক করতে হবে। User Name/ID ও Password ঠিক থাকলে তিনটি অপশন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অর্থাৎ হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম (এইচএসপি) এ ক্লিক করলে HSP MIS এর ড্যাশবোর্ড প্রদর্শিত হবে। ড্যাশবোর্ডে প্রবেশ করে প্রতিষ্ঠানের নাম ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে স্ট্যাটাস পরিবর্তনের কাজ শুরু করতে হবে।

**৩। শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করার নিয়মাবলী:**

- মেনুবারে 'উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নির্বাচন' বাটনে ক্লিক করুন।
- 'শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন' ক্লিক করুন।
- 'খুঁজুন' বাটনে ক্লিক করুন।
- যে সকল শিক্ষার্থী অযোগ্য তাদের 'সম্পাদন' বাটনে ক্লিক করুন।
- 'শিক্ষার্থীদের বর্তমান স্ট্যাটাসে' গিয়ে অযোগ্য শিক্ষার্থীর তথ্য নিষ্ক্রিয় করতে হবে।
- স্ট্যাটাস পরিবর্তনের কারণ অর্থাৎ ডুপ্লিকেট, বিবাহিত, একাডেমিক স্তর শেষ (৮ম), নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ও অন্যান্য কারণে ঝরে পড়ার কারণ সিলেক্ট করতে হবে।
- পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের কারণ (ডুপ্লিকেট/বিবাহিত/একাডেমিক স্তর শেষ (৮ম)/নিখোঁজ/কর্মসূচির বাহিরে বদলি/মৃত্যু ও অন্যান্য) উল্লেখ করতে হবে।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।


**৪। প্রতিষ্ঠানের তথ্য আপডেট/এন্ট্রির নিয়মাবলী:**

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশনে' ক্লিক করতে হবে।
- তারপর পর্যায়ক্রমে 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন।
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন।
- তারপর 'সম্পাদন' বাটনে ক্লিক করুন। অতঃপর প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মে তথ্যসমূহ অর্থাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য আপডেট/এন্ট্রি করতে হবে।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর এন্ট্রি করতে হবে।



শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password না পেয়ে থাকলে বা ভুলে গেলে এবং অন্য কোন কারণে HSP MIS এ  
লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে মাধ্যমিক/সমমান পর্যায়ে  
hsp.sstipend@gmail.com ও উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে hs.stipend@gmail.com ই-মেইলে  
যোগাযোগ করার অনুরোধ করা হলো।

  
09/12/2020

(শরীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

ফোন : ০২-৯৫৬৩৪১২।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/ ৬২০(৪৮২)/১(৮৭) তারিখ: ০৭.১২.২০২০ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৭। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৮। প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সংরক্ষণ নথি।



09. 12. 2020

(মোঃ তৌফিক এরফান)

গবেষণা কর্মকর্তা (প্রশাসন)

ফোন : ০২-৯৫৬৫৯৫৯